

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
কারা-২ শাখা
www.ssd.gov.bd


স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৫.২৭.০০১.২২-২৬৭

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩১
১৫ মে ২০২৪

বিষয়: সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় উন্নয়নকৃত কারা অধিদপ্তরের Prison Inmate Database System (PIDS) ব্যবহার করে স্বাধীনতা ও জাতীয় দিবস, বিজয় দিবস, ঈদুল ফিতর ও ঈদুল আযহা উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের প্রাথমিক খসড়া তালিকা প্রস্তুত।

সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আলোকে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণার বিষয়টি বাস্তবায়নের নিমিত্ত কারা অধিদপ্তরের Prison Inmate Database System (PIDS) ব্যবহার করে বিভিন্ন দিবস উপলক্ষে অচল, অক্ষম, গুরুতর দূরারোগ্য রোগে আক্রান্ত, লঘু অপরাধে দণ্ডিত মুক্তিযোগ্য বন্দিদের খসড়া তালিকা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়। এ লক্ষ্যে কারা অধিদপ্তরের বিদ্যমান PIDS-এ বন্দির ভোগকৃত দণ্ড, রেয়াত, অবশিষ্ট দণ্ড, মুক্তির সম্ভাব্য তারিখ, আপীল পেন্ডিং থাকলে তার বিবরণ, কারাবাসকালীন আচরণ, অচল, অক্ষম বা গুরুতর অসুস্থ হলে তার সপক্ষে মেডিকেল সার্টিফিকেট এবং আইনের যেসব ধারায় বন্দি মুক্তির জন্য বিবেচিত হবে না তার প্রয়োজনীয় তথ্য/ফিল্ড সংযোজন করে মুক্তিযোগ্য কয়েদিদের সংক্ষিপ্ত তালিকা স্বয়ংক্রিয়ভাবে প্রণয়ন করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

০২। এ পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৬ এপ্রিল, ২০১০ তারিখের পরিপত্র মোতাবেক জেলা পর্যায় থেকে বন্দি মুক্তির সুপারিশের ক্ষেত্রে ম্যানুয়েল পদ্ধতিতে প্রাপ্ত তথ্যের সাথে PIDS থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত তথ্য ক্রস চেক করে নেয়ার জন্য অনুরোধ করা হলো।


(মোহাম্মদ আবু সাঈদ মোল্লা)
উপসচিব
ফোন: ৫৫১০১১৪৮
E-mail: jail2@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা)।
- (২) মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা-১২১৫।
- (৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- (৪) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা (সকল কারাগারকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
- (৫) জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- (১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (৩) অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।